গ) আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের গতি-প্রকৃতি সম্পর্কে মোহিতলাল মজুমদারের ধারণাটি পাঠ্য প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো।

ঘ) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে সাহিত্য সম্পর্কে প্রাবন্ধিকের ধারণাটি ব্যাখ্যা করো।

---





# ২০২৪
# বাংলা
## (অনার্স)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### চতুর্থ সেমেস্টার
### কোর্স কোড : BNGH-CC-T-8
### (বাংলা সমালোচনা সাহিত্য ও প্রবন্ধ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*
*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) রোমান্টিক রচনা কাকে বলে?

খ) চন্দ্রশেখর, প্রতাপ, শৈবলিনী চরিত্রের সঙ্গে কোন্ কবির, কোন্ কাব্যের সাদৃশ্য আছে বলে মনে করেন মোহিতলাল মজুমদার?

গ) কোন্ শতকে বঙ্কিমচন্দ্র নব্যবাবু সম্পর্কে কী ধরনের উক্তি করেছিলেন?

ঘ) বাঙালির আত্মপরিচয়ের প্রতীকরূপে কোন্ দিনটিকে মনে করেন প্রাবন্ধিক আনিসুজ্জামান?

ঙ) কলকাতা থেকে পাওয়া প্রতিটি চিঠিতে কিসের উল্লেখ থাকে?

(পরের পাতায়)

চ) ১৯২০ সাল থেকে নীরদ সি চৌধুরীর বাঙালি সমাজ ও সংস্কৃতি সম্পর্কে কোন্ কথা মনে আসে?

ছ) 'কালান্তরে'র প্রবন্ধগুলো কত সাল থেকে কত সালের মধ্যে লেখা?

জ) 'বড়র পিরিতি বালির বাঁধ' লেখাটি কার? কত সালে লেখাটি প্রকাশিত?

ঝ) বোধোদয়ের পূর্বে বাঙালি সন্তান প্রথম কার গল্প পড়ে? গল্পটি কার লেখা?

ঞ) লেখক লাইব্রেরির সঙ্গে কিসের তুলনা করেছেন? লাইব্রেরির মধ্যে কিসের বন্যা-কে ধরে রাখা হয়েছে?

ট) 'নরনারী' প্রবন্ধের চরিত্রগুলির নাম উল্লেখ করো।

ঠ) "স্ত্রীলোকের কার্যের পরিসর সংকীর্ণ" — কথাটি কে কোথায় বলেছে?

ড) 'সাহিত্য' শব্দের তাৎপর্য কী?

ঢ) 'অনুভূতির ভাষা' বলতে প্রাবন্ধিক কী বুঝিয়েছেন একটি বাক্যে লেখো।

ণ) "রোহিণীর মৃত্যুর ধরন আছে বলেই তার মরণ মরণ নয়" — উদ্ধৃত অংশটি কোন্ প্রবন্ধের অন্তর্গত? প্রাবন্ধিকের নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) "সেই থেকে রবীন্দ্রনাথের সঙ্গে আমাদের সহযাত্রার শুরু" — খুব সংক্ষেপে যাত্রাপথের বিবরণটি নিজের ভাষায় লেখো।



খ) 'বাঙালির আত্মপরিচয়' প্রবন্ধে বাংলা ও বাঙালি সম্পর্কে বঙ্কিমচন্দ্রের প্রসঙ্গ অবতারণার তাৎপর্যটি নিজের ভাষায় সংক্ষেপে লেখো।

গ) বাঙালি সমাজের অবনতি বা ভাঙনের কথা বলতে গিয়ে বাঙালি ভদ্রলোকের যে পরিচয় তুলে ধরেছেন তা লেখো।

ঘ) "সেখানে তিনি কেবলমাত্র প্রভু নহেন, তিনি দেবতা" — কোথায়, কোন্ প্রসঙ্গে কে এই উক্তি করেছে? আলোচনা করো।

ঙ) "বাঙালি-কণ্ঠের সহিত মিলিয়া বিশ্বসংগীত মধুরতর হইয়া উঠিবে"। — কীভাবে? বিষয়টি সুস্পষ্ট করে নিজের ভাষায় লেখো।

চ) ভাষার মধ্যে ভাষাতীতকে প্রতিষ্ঠিত কীভাবে করা যায়? —এ প্রসঙ্গে প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুরের ব্যাখ্যাটি লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'মৃত্যুকে অবলম্বন করে মানুষটির সমাপ্তি আসে — কিন্তু চরিত্র লাভ করে আর এক গুণ বেশি জীবনীশক্তি।...." — মন্তব্যটি সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।

খ) "বঙ্গসাহিত্যে পুরুষ মহাদেবের ন্যায় নিশ্চলভাবে ধূলিশয়ান এবং রমণী তাহার বক্ষের উপর জাগ্রত জীবন্তভাবে বিরাজমান" — এর কারণ কী? এই মন্তব্যের যথার্থতা তোমার ভাষায় প্রবন্ধটির আলোকে লেখো।